কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার দ্বি-বার্ষিক সাধারণ সভা ও কমিটি গঠন

কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার দ্বি-বার্ষিক সাধারণ সভা ও কমিটি গঠণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার দিকে কেরুজ ট্রেনিং কমপ্লেক্সের হল রুমে কেরুজ চিনিকলের মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার দ্বি-বার্ষিক সাধারণ সভা ও কমিটি গঠণ অনুষ্ঠিত হয়।

কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার সভাপতি আব্দুল হান্নানের সভাপতিত্বে অনুষ্টিত সভা ও কমিটি গঠন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন কেরু’জ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান (এফসিএমএ)।

কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার সাংগঠনিক সম্পাদক অহিদুজ্জামানের উপস্থাপনায় আরো উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা সমাজ সেবা কর্মকর্তা তোফাজ্জেল হোসেন, কেরু’জ চিনিকলের মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভুইয়া, চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, জেলা শ্রমিকদলের সাধারন সম্পাদক সাবু তরফদার, সাবেক ছাত্রনেতা দর্শনা পৌর বিএনপি সমন্বয়ক কমিটির সদস্য নাহারুল ইসলাম মাষ্টার, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক কমিটির সদস্য মাহাবুবুল হাসান খোকন, দর্শনা পৌর বিএনপি সমন্বয়ক কমিটির সদস্য লুৎফর রহমান, দর্শনা পৌর বিএনপি সমন্বয়ক কমিটির সদস্য ও সাবেক কাউন্সিলর শরীফ উদ্দিন, দর্শনা পৌর জামায়াতের সমাজ কল্যান বিষয়ক সম্পাদক আমজাদ হোসেন, কেরুজ অবসরপ্রাপ্ত শ্রমিক নেতা হাবিবুর রহমান হবি, প্রমুখ।

সভার বক্তব্য শেষে শরীফ উদ্দীনকে সভাপতি ও নজরুল ইসলামকে সাধারন সম্পাদক, ওহিদুজজামান ও শফিউল আলম তোতাকে সহ-সভাপতি, মোমিনল ইসলাম ও জাহান আলীকে যুগ্ম সাধারণ সম্পাদক এবং জালাল উদ্দীন লিটনকে সাংগঠনিক সম্পাদক করে ১৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি পূর্ণঙ্গ কমিটি গঠন করা হয়।

আলোচনার শুরুতেই আখচাষী কল্যাণ সংস্থার পরিচালনা পরিষদের অর্থ সম্পাদক (ক্যাশিয়ার) নজরুল ইসলাম বিগত বছরের আয় ব্যায়ের হিসাব উপস্থিত সকলের মাঝে পাঠ করে তুলে ধরেন।

কেরুজ চিনিকল মিলস গেট আখ চাষি কল্যাণ সংস্থার বিশেষ সাধারন সভা

কেরুজ চিনিকল মিলস গেট আখ চাষি কল্যাণ সংস্থার বিশেষ সাধারন সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০ টার দিকে দর্শনা মা ও শিশু জেনারেল হাসপাতাল স্বাস্থ্য কেন্দ্র হল রুমে এ সভা অনুষ্ঠিত হয়।

কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার সভাপতি আব্দুল হান্নানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন হাসপাতাল পরিচালনা কমিটির সহ-সভাপতি দামুড়হুদা উপজেলা আ.লীগের সাধারন সম্পাদক ও হাউলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শহিদুল ইসলাম।

আখচাষি কল্যান সংস্থার সহ-সভাপতি ওমর আলীর সঞ্চালনা বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন আখচাষী কল্যান সংস্থার সাধারন সম্পাদক আব্দুল বারী বিশ্বাস, সহ সম্পাদক জয়নাল আবেদীন নফর, আখচাষী কল্যান সংস্থার উপদেষ্টা হাজী আকমত আলী, হুমায়ুন শাহ, আমির হোসেন সিআইসি, নির্বাহী সদস্য ইউনুচ আলী, শহীদ লতিফ মিল্টন, ফরিদ আহমেদ, বিশিষ্ট আখচাষি আওয়াল হোসেন, নিজাম উদ্দিন।

এসময় উপস্থিত থেকে বক্তব্যে বলেন অর্থাভাবে বর্তমানে হাসপাতালের নাজুক অবস্থা। এ হাসপাতালের চিকিৎসা সেবা উন্নত করতে আমরা বিভিন্ন স্থানে যোগাযোগ অব্যাহত রেখেছে। ইতিমধ্যে এ হাসপাতালের চিকিৎসা সেবার বিষয়ে ঢাকা বারডেম হাসপাতালের কর্মকর্তাদের সাথে আমাদের আলোচনা হয়েছে। তারা হাসপাতাল পরিদর্শন করে হাসপাতালের চিকিৎসা আরও উন্নত করতে সম্মতি জ্ঞাপন করছে। এ জন্য এ হাসপাতালের যন্ত্রপাতি ও সরঞ্জাম আধুনিক করতে বলেছে হাসপাতাল কর্তৃপক্ষকে।